

নম্বর: ২৩.০৯.২৬৮০.১৭২.৪৩.০০১.১৯. ৬৩৩

তারিখ: ১৭ ফাল্গুন ১৪৩০
০৬ মার্চ ২০২৪

বিষয়: মার্চ ২০২৪ এর দীর্ঘমেয়াদি আবহাওয়ার পূর্বাভাস।

দীর্ঘমেয়াদি আবহাওয়ার পূর্বাভাস প্রদানের নিমিত্ত বিশেষজ্ঞ কমিটির নিয়মিত সভা ০৩ মার্চ ২০২৪ বেলা ০২:০৮ ঘটিকায় ঝড় সতর্কীকরণ কেন্দ্র, ঢাকায় এবং Video Conferencing এর মাধ্যমে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ফেব্রুয়ারি ২০২৪ মাসের আবহাওয়ার বিভিন্ন তথ্য ও উপাত্ত পর্যালোচিত হয়। পর্যালোচনাকালে পরিলক্ষিত হয় যে, ফেব্রুয়ারি ২০২৪ মাসে বাংলাদেশে গড় বৃষ্টিপাতের পরিমাণ ও দিন সংখ্যা নিম্নরূপ:

বিভাগ	স্বাভাবিক বৃষ্টিপাত (মি:মি:)	রেকর্ডকৃত গড় বৃষ্টিপাত (মি:মি:)	বৃষ্টিপাতের পরিমাণের বিচ্যুতি (%)	স্বাভাবিক বৃষ্টিপাতের দিন সংখ্যা	রেকর্ডকৃত বৃষ্টিপাতের দিন সংখ্যা
ঢাকা	২৮	১৭	-৩৮%	০২	০৪
ময়মনসিংহ	২৩	০৯	-৬১%	০২	০৪
চট্টগ্রাম	১৫	২০	+৩৬%	০২	০২
সিলেট	৩৪	৬৭	+৯৭%	০২	০৫
রাজশাহী	১৯	১৭	-১৩%	০২	০৪
রংপুর	১৪	০২	-৮৪%	০২	০২
খুলনা	৩০	১৮	-৩৯%	০৩	০৪
বরিশাল	২৭	১৬	-৪৩%	০২	০৪
বাংলাদেশ	২৪	১৫	-৩৬%	০২	০৪

ফেব্রুয়ারি ২০২৪ মাসে সার্বিকভাবে সারাদেশে স্বাভাবিক অপেক্ষা কম (-৩৬%) বৃষ্টিপাত হয়েছে। তবে ময়মনসিংহ ও সিলেট বিভাগে স্বাভাবিক অপেক্ষা বেশি এবং ঢাকা, রংপুর, রাজশাহী, খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগে স্বাভাবিক অপেক্ষা কম বৃষ্টিপাত হয়েছে। পশ্চিমা লঘুচাপের সাথে পূর্বালী বায়ুপ্রবাহের সংযোগ ঘটায় ১-২, ১৪-১৫ ও ২০-২৫ ফেব্রুয়ারি ২০২৪ সময়ে দেশের অনেক স্থানে হালকা থেকে মাঝারি ধরনের ভারী বৃষ্টিপাত রেকর্ড করা হয়। এ সময় সর্বোচ্চ বৃষ্টিপাত ৭১ মি.মি. শ্রীমঙ্গল রেকর্ড (২২ ফেব্রুয়ারি ২০২৪) করা হয়। উপ-মহাদেশীয় উচ্চচাপ বলয়ের বর্ধিতাংশ বাংলাদেশের পশ্চিমাঞ্চল পর্যন্ত বিস্তার লাভ করায় ০৩-০৪ ও ০৮-১৩ ফেব্রুয়ারি ২০২৪ সময়ে দেশের অনেক স্থানে মৃদু থেকে মাঝারি ধরনের শৈত্য প্রবাহ বয়ে যায়। এ সময় দেশের সর্বনিম্ন তাপমাত্রা ৭.৭° সে. তেঁতুলিয়ায় (০৮ ফেব্রুয়ারি ২০২৪) রেকর্ড করা হয়। এ মাসে মধ্যরাত থেকে দুপুর পর্যন্ত দেশের উত্তরপশ্চিমাঞ্চল, উত্তরাঞ্চল, মধ্যাঞ্চল, উত্তরপূর্বাঞ্চল ও নদী অববাহিকায় মাঝারি থেকে ঘন এবং অন্যত্র হালকা থেকে মাঝারি কুমায়াল পরিস্থিতির সৃষ্টি হয়। এ মাসে দেশের সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা স্বাভাবিক অপেক্ষা যথাক্রমে +০.২° সে. ও +০.৮° সে. বেশি ছিল এবং গড় তাপমাত্রা +০.৫° সে. বেশি ছিল। শৈত্য প্রবাহ, কৃষি আবহাওয়া এবং দেশের নদ-নদীর অবস্থা ফেব্রুয়ারি ২০২৪ মাসের পূর্বাভাসের সাথে সামঞ্জস্যপূর্ণ ছিল।

বিশ্ব আবহাওয়া সংস্থা অনুমোদিত Global Producing Centre (GPCs), ECMWF, JMA, NOAA, IRI-Columbia University, APEC Climate Centre (APCC), RIMES এবং C3S থেকে প্রাপ্ত মডেল পূর্বাভাস, আবহাওয়া উপাত্ত, উর্ধ্বাকাশের আবহাওয়া বিন্যাস, বায়ুমন্ডলের বিভিন্ন স্তরের বিশ্লেষিত আবহাওয়া মানচিত্র, জলবায়ু মডেল, SOI (এল-নিনো/লা-নিনা'র অবস্থা) ইত্যাদির যথাযথ বিশ্লেষণ পূর্বক কমিটি কর্তৃক মার্চ ২০২৪ এর পূর্বাভাস নিম্নে প্রদত্ত হলো:

বিভাগ	স্বাভাবিক বৃষ্টিপাত (মিঃমিঃ)	পূর্বাভাস বৃষ্টিপাতের পরিমাণ (মিঃমিঃ)	স্বাভাবিক বৃষ্টিপাতের দিন সংখ্যা	পূর্বাভাস বৃষ্টিপাতের দিন সংখ্যা	মাটির আর্দ্রতা (%)
ঢাকা	৫৫	৫০ - ৬০	০৪	০৩-০৫	২০-৩০
ময়মনসিংহ	৪৭	৪৫ - ৫০	০৩	০২-০৪	২০-৩০
চট্টগ্রাম	৬১	৫৫ - ৬৮	০৩	০২-০৪	২০-৩০
সিলেট	১২০	১১০ - ১৩০	০৭	০৬-০৮	২০-৩০
রাজশাহী	২৪	২০ - ৩০	০৩	০২-০৪	১৫-২৫
রংপুর	২৩	২০ - ২৫	০২	০১-০৩	১৫-২৫
খুলনা	৪১	৩৫ - ৪৫	০৩	০২-০৪	২০-৩০
বরিশাল	৫৩	৫০ - ৬০	০৩	০২-০৪	২০-৩০

- সামগ্রিকভাবে দেশে স্বাভাবিকের চেয়ে কম বৃষ্টিপাতের সম্ভাবনা আছে।
- দেশে ২-৩ দিন বজ্র ও শিলাবৃষ্টিসহ হালকা/ মাঝারি ধরনের এবং ১ দিন তীব্র কালবৈশাখি ঝড় হওয়ার সম্ভাবনা রয়েছে।
- এ মাসের শেষের দিকে দেশের পশ্চিম ও দক্ষিণ-পশ্চিমাঞ্চলের উপর দিয়ে ১-২ টি মৃদু (৩৬-৩৮°সে.)/ মাঝারি (৩৮-৪০°সে.) ধরনের তাপ প্রবাহ বয়ে যেতে পারে। এ মাসে দিনের তাপমাত্রা স্বাভাবিক অপেক্ষা সামান্য বেশি থাকতে পারে।
- নদ-নদীর অবস্থাঃ মার্চ মাসে দেশের প্রধান নদ-নদী সমূহের স্বাভাবিক প্রবাহ বিরাজমান থাকতে পারে।
- কৃষি আবহাওয়াঃ মার্চ মাসে দেশের দৈনিক গড় বাষ্পীভবন ২.০০-৪.০০ মি:মি: এবং গড় সূর্য কিরণকাল ৬.৫০-৮.৫০ ঘন্টা থাকতে পারে।


(মোঃ আজিজুর রহমান)
পরিচালক

ও চেয়ারম্যান, বিশেষজ্ঞ কমিটি

মাননীয় মন্ত্রী

কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

ফ্যাক্সঃ ৯৫৪০৫৫৫, ৯৫৭৬৫৬৫

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মাননীয় প্রতিমন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, mp.office.savar@gmail.com

২. মন্ত্রী পরিষদ সচিব, মন্ত্রী পরিষদ বিভাগ, cab_secv@cabinet.gov.bd

৩. মুখ্য সচিব, প্রধান মন্ত্রীর কার্যালয়, psecv@pmo.gov.bd

৪. সিনিয়র সচিব, জনপ্রাশাসন মন্ত্রণালয়, secretary@mopa.gov.bd

৭. সিনিয়র সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, secretary@mod.gov.bd

৮. সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, secretary@modmr.gov.bd

৯. সচিব, কৃষি মন্ত্রণালয়, secretary@moa.gov.bd

১০. সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, secretary@mofood.gov.bd